# ন্যায়সঙ্গত দাবী পূরণের ব্যবস্থা: শিক্ষক ধর্মঘট প্রত্যাহার

সরকার শিক্ষক সম্প্রদায়ের ন্যায়সঙ্গত দাবী পূরণের পদক্ষেপ গ্রহণ করায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন তাদের ধর্মঘট প্রত্যাহার করতে সম্মত হয়েছে।

সোমবার প্রধানমন্ত্রী দফতর থেকে প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তির উদ্ধৃতি দিয়ে বাসস খবরে বলা হয় ফেডারেশন নেতৃবৃন্দ তাদের ধর্মঘট প্রত্যাহার করবেন বলে প্রধানমন্ত্রীকে আশ্বাস দিয়েছেন। সোমবার সকালে নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর সঙ্গে এক বৈঠকে মিলিত হন ও শিক্ষকরা যাতে কাজে যোগ দেন তার ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, স্কুল, কলেজ ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মাদ্রাসার মত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষকদের চাকরি বিধি আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে সরকারী গেজেটে প্রকাশ করা হবে—এই মর্মে মতৈক্য হয়েছে।

বেসরকারী শিক্ষকদের বেতন স্কেল সম্পর্কে কাজী আনোয়ারুল হক কমিটির সুপারিশ আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে চূড়ান্ত করা হবে।

যুক্তিসঙ্গত হারে বেতন বৃদ্ধির সুপারিশ আগামী ৮০ সালের ১৫ই জানুয়ারীর মধ্যে সরকার বিবেচনা করবেন এবং ৩১শে জানুয়ারীর মধ্যে সিদ্ধান্ত ঘোষণা করা হবে।

শিক্ষকদের জন্যে সরকারী অনুদান বৃদ্ধির প্রস্তাবিত হার যা সরকার অনুমোদন করেছেন, আগামী পহেলা জানুয়ারী থেকে দেয়া শুরু হবে। অবশ্য পরিশোধ করা হবে আগামী পহেলা জুলাই থেকে।

ডিগ্রী কলেজ শিক্ষকদের চাকরি বিধি আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে সরকার সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কাছে পাঠাবেন। শিক্ষকদের চাকরি বিধিতে যে বৈষম্য ও অসঙ্গতি রয়েছে তা দূর করার বিষয়টি এখন সরকারের সক্রিয় বিবেচনাধীন এবং উল্লিখিত অসঙ্গতি দূর করার ব্যাপারে একটি অন্তর্বর্তী শিক্ষা নীতি গ্রহণের জন্যে সরকার বিশ্ববিদ্যালয়গুলোকে অনুরোধ জানাবেন।

প্রধানমন্ত্রী ও বৈঠকে উপস্থিত মন্ত্রীগণ ভুয়া শিক্ষা প্রতিষ্ঠান ও

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষক ধর্মঘট

(১-এর পৃঃ পর)

ভুয়া শিক্ষকদের চিহ্নিত করণ এবং তাদের উচ্ছেদ করার ব্যাপারে শিক্ষকদের সহযোগিতা কামনা করেন। শিক্ষক ফেডারেশন নেতৃবৃন্দ তাদের সহযোগিতার আশ্বাস দেন।

বৈঠকে উপপ্রধানমন্ত্রী জনাব এস.এ বারী এটি, অর্থমন্ত্রী ডক্টর এম এন হুদা, বেসামরিক বিমান চলাচল মন্ত্রী কাজী আনোয়ারুল হক, স্বরাষ্ট্র মন্ত্রী লেঃ কর্নেল (অব) মোস্তাফিজুর রহমান, শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন, যুব প্রতিমন্ত্রী জনাব আবুল কাসেম, পৌর কর্পোরেশনের মেয়র জনাব আবুল হাসনাত এবং শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বায়ক মাওলানা এম এ মান্নান, শিক্ষক প্রতিনিধি দলের নেতৃত্ব করেন।

### ধর্মঘট পালিত

আমাদের স্টাফ রিপোর্টার জানান: গতকাল রাজধানীর অধিকাংশ বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের ৫-দফা দাবীতে ধর্মঘট পালিত হয়েছে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন চাকরি বিধি প্রণয়ন, স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন শিক্ষা সংক্রান্ত বিভিন্ন সরকারী কমিটিতে শিক্ষক প্রতিনিধি গ্রহণ ইত্যাদি ৫-দফা দাবী আদায়ে গতকাল থেকে দেশব্যাপী শিক্ষকদের অবিরাম ধর্মঘট আহ্বান করে।

ফেডারেশনের একজন কর্মকর্তা গতকাল জানান, রাজধানীর শতকরা ৯৫টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে এই ধর্মঘট পালিত হয়েছে। তবে গতকাল সরকার দ্বি-পাক্ষিক আলাপ আলোচনার মাধ্যমে তাঁদের ৫ দফা দাবী মেনে নিয়েছেন। আলোচনায় প্রধানমন্ত্রীসহ কয়েকজন মন্ত্রীও উচ্চ পর্যায়ের সরকারী কর্মকর্তা এবং ফেডারেশনের অন্তর্ভুক্ত শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনার পরিপ্রেক্ষিতে ফেডারেশন ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়াছেন। আজ বিকেল ৪টায় ২৪ নম্বর মহাখালীস্থ ফেডারেশনের কার্যালয়ে ফেডারেশনের এক বর্ধিত সভায় সরকারের সাথে দ্বিপাক্ষিক আলাপ আলোচনার ফলাফল ও ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত অনুমোদনের জন্যে পেশ করা হবে।